

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৪৭ - আল্লাহর সম্মানার্থে [শিরকী] নামের পরিবর্তন

১। আবু শুরাইহ হতে বর্ণিত আছে এক সময় তার কুনিয়াত ছিল আবুল হাকাম [জ্ঞানের পিতা] রাসূল সাল্ল**া**ল্ল আলাইহি ওয়া সাল্ল**াম তাকে উদ্দেশ্য করে বললেন**,

إن الله هو الحكم وإليه الحكم

'আল্লাহ তাআলাই হচ্ছে জ্ঞান সন্তা এবং তিনিই জ্ঞানের আধার'' তখন আবু শুরাইহ বললেন, 'আমার কওমের লোকেরা যখন কোন বিষয়ে মতবিরোধ করে, তখন ফয়সালার জন্য আমার কাছে চলে আসে। তারপর আমি তাদের মধ্যে ফয়সালা করে দেই। এতে উভয় পক্ষই সন্তুষ্ট হয়ে যায়।' রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একথা শুনে বললেন, এটা কতইনা ভাল! তোমার কি সন্তানাদি আছে? আমি বললাম, 'শুরাইহ' 'মুসলিম' এবং 'আবদুল্লাহ' নামের তিনটি ছেলে আছে।' তিনি বললেন, 'তাদের মধ্যে সবার বড় কে?' আমি বললাম,'শুরাইহ'। তিনি বললেন, ''অতএব তুমি আবু শুরাইহ'' [শুরাইহের পিতা] (আবু দাউদ)।

- এ অধ্যায় থেকে নিম্ন বর্ণিত বিষয়গুলো জানা যায়
- ১। আল্লাহর আসমা ও সিফাত অর্থাৎ নাম ও গুণাবলীর সম্মান করা; যদিও এর অর্থ বান্দার উদ্দেশ্য না হয়।
- ২। আল্লাহর নাম ও সিফাতের সম্মানার্থে নাম পরিবর্তন করা।
- ৩। কুনিয়াতের জন্য বড় সন্তানের নাম পছন্দ করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5123

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন